মূল শব্দাবলীঃ
ধারাবাহিকতা
অবিচল

**Islamic Religious Council of Singapore**

**Friday Sermon**

**28 March 2025 / 27 Ramadan 1446H**

# ইবাদত-বন্দেগীতে ধারাবাহিকতা রক্ষা করা

**الحَمدُ للهِ الَّذي هَدَانَا إِلَى الصِّرَاطِ المُستَقِيمِ، وَخَلَقَ الإِنسَانَ فِي أَحْسَنِ تَقوِيمٍ، وَبَعَثَ إِلَينَا نَبِيَّهُ وَرَسُولَهُ القَوِيمَ، وَأَشهَدُ أَن لَا إِلٰهَ إِلَّا اللهُ المَلِكُ العَظِيمُ، وَأَشهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبدُهُ وَرَسُولُهُ الحَمِيمُ، اللَّهُمَّ صَلِّ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ خَيرِ مَن حَمَلَ القُرآنَ الكَرِيمَ، وَعَلَى آلِهِ وَأَصحَابِهِ النَّعِيمِ، أَمَّا بَعدُ، فَيَا عِبَادَ الرَّحْمٰنِ الرَّحِيمِ، اتَّقُوا اللهَ وَاسلُكُوا الطَّرِيقَ السَّلِيمَ. قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ: ﴿وَإِنَّ اللَّهَ رَبِّي وَرَبُّكُمْ فَاعْبُدُوهُ هَذَا صِرَاطٌ مُسْتَقِيمٌ﴾**

**জুম্মায় আগত সম্মানিত সুধী,**

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার প্রতি সত্যিকার সচেতনতার সাথে তাকওয়া স্থাপন করুন। আসুন, তাঁর সকল আদেশগুলি মেনে চলতে এবং নিষেধাজ্ঞাগুলি থেকে দূরে থাকতে অবিচল থাকি। মহান আল্লাহ সুবহানাহু ওয়াতা'আলা থেকে বিকীর্ণ আলোর দীপ্তি হোক আমাদের নিত্য সহচর। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

**সম্মানিত ভাইয়েরা,**

রমযান মাসের বিদায়ের প্রাক্কালে এই খুতবায় আপনাদেরকে বিনীতভাবে মনে করিয়ে দিতে চাই যে রমযান মাসে যে সু অভ্যাসগুলি ও ধর্মীয় সচেতনতা তৈরী হল সেগুলি যেন আমাদের প্রাত্যহিক কর্মে পরবর্তী বছরগুলিতেও সুষ্ঠুভাবে চালিয়ে নিতে পারি।

<u>সম্মানিত মু'মিনিন,</u>

ইবাদতে ইস্তিমা বা ধারাবাহিকতা বজায় রাখা চাই যা ইহজগতের বা পরকালে সফলতা লাভের অন্যতম চাবিকাঠি। আমাদের নবী মুহম্মদ (সঃ) একদা বলেছিলেন যার অর্থ এই দাঁড়ায় যে, মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার নিকট সেই কাজ অত্যন্ত প্রিয় তা যত ছোটই হোক না কেন যা ধারাবাহিকভাবে করা হয়" । (বুখারী ও মুসলিম কর্তৃক বর্ণিত)

আমাদের ধর্মীয় কাজগুলি রমযান মাসের পরেও আমাদের চালিয়ে যাওয়া উচিত। রমযান মাস শেষ হয়ে যাচ্ছে বলে আমাদের যত মন খারাপ হচ্ছে, আমাদের মনে রাখতে হবে আসছে শাওয়াল মাসেও আমাদের ভাল কাজগুলি ধারাবাহিকভাবে করে যেতে হবে। আমাদের রমযান মাসের এই অভিজ্ঞতা লাভের পরে আবারো পুরানো বদভ্যাসগুলি থেকে নিজেদেরকে সংবরণ করে আমাদের ইবাদত একইরকমভাবে পালন এবং ভাল কাজগুলি ধারাবাহিকভাবে করে যেতে হবে। আসলে মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাঁদেরকে অত্যন্ত ভালবাসেন যাঁরা তাঁদের ইবাদত বন্দেগী এবং ভাল কাজ করার ব্যাপারে অবিচল।

إِنَّ ٱلَّذِينَ قَالُوا۟ رَبُّنَا ٱللَّهُ ثُمَّ ٱسْتَقَـٰمُوا۟ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿١٣﴾

অর্থঃ *নিশ্চয় যারা বলে, আমাদের পালনকর্তা আল্লাহ অতঃপর অবিচল থাকে, তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিত হবে না।*

সম্মানিত সুধী,

নতুন শেখা ভাল কাজগুলি ধারাবাহিকভাবে চালিয়ে যাওয়ার জন্য তিনটি পদক্ষেপ আমরা নিতে প্যাঁরই;

## প্রথমতঃ নিজের জিহ্বাকে সংযত রাখা

আমাদের নবী (সঃ)কে একদা জিজ্ঞাসা করা হয়েছিল যে তাঁর উম্মতদের নিয়ে তাঁর সবচেয়ে বড় ভয় কোনটা? তিনি তাঁর জিহ্বা দেখিয়ে বলেছিলেন, "এইটা"। (আত তিরমিযী কর্তৃক বর্ণিত হাদীস)

প্রযুক্তির এই যুগে, আমাদের কথাকে সংযত করা বলতে আমাদের মৌখিক কথাবার্তা থেকে শুরু করে অনলাইনে আমরা যেভাবে মানুষের সাথে যোগাযোগ করতে থাকি এই সংযম তার চেয়েও আরো বেশী কিছু বুঝিয়ে থাকে। প্রতিটি উচ্চারিত শব্দ, প্রতিটি কথা , প্রতিটি লেখা বাক্যের ওজন এবং পরিণাম আছে। আমাদেরকে কঠিন সমালোচনা, অন্যকে নীচু বা ছোট করে কিছু বলা এবং ক্ষতিকর কতাবার্তা বলা থেকে নিজেদেরকে সংযত রাখতে হবে মনে রাখতে হবে যে আমাদের প্রতিটি কথার জন্য হাশরের দিনে আমাদিগকে জবাবদিহি করতে হবে। এই সমস্ত বদভ্যাসগুলি থেকে নিজেকে সংযত রাখার ব্যাপারে আমাদেরকে অবিচল থাকতে হবে।

## দ্বিতীয়তঃ ধার্মিক ব্যাক্তিদের সঙ্গে বন্ধুত্ব করা

একদা আমাদের নবী করিম (সঃ) বলেছিলেন যার অর্থ এই যে, " একজন মানুষ তাঁর সঙ্গী সাথীদের ধর্ম ই অনুসরণ কওরে থাকেন। তাই আপনাদের প্রত্যেকে খুব সাবধানতার সাথে বন্ধু নির্বাচন করবেন"। (আত তিরমিযী কর্তৃক বর্ণিত)।

আমাদের ধর্মীয় পদযাত্রা অনেকটা প্রভাবিত হয় আমরা কার সঙ্গে মেলামেশা করছি তার ওপরে। যদি আমরা সঠিক লোকের সঙ্গে থাকি যাঁরা প্রতিনিয়ত আমাদেরকে মহান আল্লাহ সুবহানাহু তা'আলার কথা মনে করিয়ে দেয় তাঁরাই আমাদেরকে ভাল কাজে উতসাহিত কতরে ও বিপথে নষ্ট হয়ে যাওয়া থেকে আমাদেরকে ধীরে ধীরে সরে আসতে সাহায্য করে।

## তৃতীয়তঃ ধর্মীয় জ্ঞান অর্জনের চেষ্টা করা

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সুরা ফাতির এর ২৮ নম্বর আয়াতে উল্লেখ করেছেন,

إِنَّمَا يَخْشَى ٱللَّهَ مِنْ عِبَادِهِ ٱلْعُلَمَٰٓؤُا۟

অর্থঃ *আল্লাহর বান্দাদের মধ্যে জ্ঞানীরাই কেবল তাঁকে ভয় করে*

বিশুদ্ধ ইসলামিক জ্ঞান অর্জন করতে পারলে আমরা সঠিকভাবে বুঝতে পারব যে কিভাবে ধর্মীয় পথে অবিচল থাকা যায় । আমাদেরকে বলা হয়েছে আরো বেশী করে ইসলামিক জ্ঞান অর্জন করার কথা কারণ এটা আমাদের তাকওয়া ও বিশ্বাসকে আরো দৃঢ় করে, ধারাবাহিকতার সাথে ভাল কাজ করার পথ নির্দেশ করে এবং পুরনো বদভ্যাসে ফিরে যাওয়া থেকে আমাদের বিরত রাখে।

সম্মানিত সুধী ;

আসুন, আমরা আমাদের ইবাদত বন্দেগী করা অব্যাহত রাখি এবং মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার সাথে সম্পর্ক স্থাপন করে আমাদের অন্তরকে জান্নাতী সঙ্গ দিয়ে পরিপূর্ণ রাখি। আমরা অমাদের সকল কথা ও কাজকে সুরক্ষা করি যাতে আমাদের জিহ্বা ও মাংস পেশীসমূহ বিচারের দিনে আমাদের পক্ষে সাক্ষ্য দেয়। এই ভালো জ্ঞান অর্জনের সাধনার মধ্য দিয়ে আমাদের অন্তর সত্য এবং প্রজ্ঞার আলোয় আলোকিত হয়ে ন্যায়নিষ্ঠার পথে অবিচল থাকে।

ইয়া আল্লাহ, ইয়া মু'তী,আমাদেরকে লাইলাতুল ক্বদরের রাত অবলোকন করার তৌফিক দান করুন এবং আমাদের ভেতরে জীবনের ভুলপথ থেকে সরে এসে ন্যায়নিষ্ঠার পথে পরিচালিত হওয়ার বাসনা ধীরে ধীরে সঞ্চারিত করুন। ইয়া কাইয়ুম, ইয়া হাফিজ, আমাদের জিহবার সুরক্ষা এমনভাবে পরিচালিত করুন যেন পরবর্তীতে আমাদের উচ্চারিত শব্দ পরকালে আমাদের অনুশোচনার কারণ না হয়। ইয়া রাফিক, ইয়া

আলীম, আমাদের আশপাশ ধার্মিক লোকদের দ্বারা পরিবেষ্টিত থাকুক এবং আমাদের ভেতরে উত্তম জ্ঞান অর্জনের জন্য ভালবাসা ও স্পৃহার সৃষ্টি করুন। আমীন! ইয়া রাব্বাল আলামীন!!

**أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.**

## Second Sermon

**الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.**

**أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.**

**وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.**

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ.

ইয়া আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা, আজকের এই রাতে আপনি আমাদের ওপর সেই দোয়া দান করুন যা আপনি কর্তৃক প্রত্যাখ্যাত হবে না এবং যা আমাদের জন্য বেহেশতের একটি দরজা খুলে দেবে যা আর কোনদিন বন্ধ হবে না। আমাদেরকে নবী করিম (সঃ) এর সঙ্গীদের চারপাশে পরিবেষ্টিত করুন। হে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আপনার সৃষ্ট শ্রেষ্ঠ সৃষ্টি আমাদের নিকট প্রিয় করে তুলুন… এবং আপনার জান্নাতুল ফেরদৌসে আমাদেরকে ঠাই গুঁজতে দিন, আমাদেরকে আপনার করুণা দ্বারা আবৃত রাখুন এবং আমাদের চাওয়াগুলি মিটিয়ে দিন এবং আপনার করুণাভাণ্ডার থেকে আমাদেরকে  সমৃদ্ধ করুন এবং আপনার অনুগত হতে আমাদিগকে পথ প্রদর্শন করুন,আপনার জাহান্নামের আগুনের শাস্তি থেকে আমাদেরকে রক্ষা করুন এবং ঈর্ষিতত লোকের অমঙ্গল থেকে আমাদেরকে প্রতিরক্ষা করুন।

হে আল্লাহ, আপনি সব কথা শুনে থাকেন, সব অভিযোগ শুনে থাকেন এবং আপনি সকলের জন্য করুণার সাগর, যিনি সবার সব অভিযোগের কথা শুনে থাকেন। আপনি আমাদের প্যালেস্টাইনের গাজা অঞ্চলের নিপীড়িত ভাই বোনদের আপনার করুণার দ্বারা সাহায্য করুন হে সবচেয়ে করুণাময়দের মধ্যেকার করুণাময়।

হে মহান আল্লাহ সুবহানাহু ওয়া তালাল, আপনি তাঁদের সকল আহতদের সুস্থ কওরে দিন, আসুস্থদের সুস্থ করুন, ক্ষুধার্তকে খাবার দিন, পিপাসার্তের তৃষ্ণা মিটান, শীতের প্রকোপ থেকে তাঁদেরকে রক্ষা করুন। ইয়া রাব্বাল আলামীন, হে আল্লাহ, তাদের পায়ে জুতা নাই তাদের পা ঢেকে দিন, পরনে কাপড় নাই, তাদের বস্ত্র দিন, হে নিপীড়িতদের সাহায্যকারী, দীনহীনের ডাকে সাড়াদানকারী আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা, তারা নিপীড়িত আপনি তাঁদের সাহায্য পাঠান।

হে আল্লাহ, আপনার রহমতের কাপড়ে তাঁদেরকে আবৃত করুন,আপনার ভালবাসায় তাঁদের শান্ত করুন, আপনার ক্ষমতা দিয়ে তাঁদের শক্তিশালী কওরে তুলুন, এবং আপনার শক্তি দিয়ে তাঁদেরকে মজবুত ও

দৃঢ় কওরে তুলুন। হে আল্লাহ, তাঁদেরকে প্রত্যেক একগুঁয়ে অত্যাচারী শাসকদের হাত থেকে রক্ষা করুন এবং তাদেরকে নিজ মণিবের কাছে ঠেকে অনেক দূরে সরিয়ে দিন। হে আল্লাহ, সুবহানাহু ওয়া তা;আলা, তাঁদের সকল ভয়ই যেন শান্তিতে রূপান্তরিত হয়য়, তাঁদের সকল বঞ্চনা মুক্তিতে রূপান্তরিত হয়, সকল কঠিন কাজ সহজ হোক আর সকল দুঃখ আনন্দে রূপান্তরিত হোক। ইয়া রাব্বাল আলামীন!

হে আল্লাহ! আমাদিগকে এই পৃথিবই ও পরকালের জন্য মঙ্গলময় রাখুন এবং জাহান্নামের আগুন থেকে আমাদিগকে রক্ষা করুন।

**عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.**